রোহিঙ্গা ইস্যুতে আন্তর্জাতিক চাপ বাড়ানোর আহ্বান পররাষ্ট্র প্রতিমন্ত্রীর



পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ। ছবি: সংগৃহীত

রোহিঙ্গা সংকটের সমাধান কেবল প্রচলিত কূটনৈতিক যোগাযোগের মাধ্যমে সম্ভব নয় বলে মনে করেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ। এ সংকটকে রাজনৈতিক সমস্যা উল্লেখ করে তিনি বলেছেন, সমাধানে আন্তর্জাতিক সম্প্রদায়কে কাজে লাগিয়ে মিয়ানমারের ওপর চাপ সৃষ্টি করতে হবে।

রোববার (৮ নভেম্বর) এক অনুষ্ঠানে বক্তব্য দিতে গিয়ে তিনি এ অবস্থান তুলে ধরেন।

শামা ওবায়েদ বলেন, রোহিঙ্গা সংকট একটি রাজনৈতিক সমস্যা। প্রচলিত কূটনৈতিক পথে সব সময় এর সমাধান হবে, এমনটা মনে করা অবুঝের মতো হবে।

রোহিঙ্গা প্রত্যাবাসন ও সংকট নিরসনে মিয়ানমার সরকারের পাশাপাশি দেশটির সশস্ত্র গোষ্ঠী আরাকান আর্মির সঙ্গেও বাংলাদেশ যোগাযোগ রাখছে বলে জানান প্রতিমন্ত্রী। তাঁর ভাষ্য, মিয়ানমারের অভ্যন্তরীণ রাজনৈতিক পরিস্থিতি অত্যন্ত অস্থিতিশীল। আন্তর্জাতিক সম্প্রদায়ও দেশটির এই বাস্তবতা সম্পর্কে অবগত।

সংকট মোকাবিলায় বাংলাদেশের রাজনৈতিক দলগুলোর মধ্যে ঐক্যের প্রয়োজনীয়তার কথাও তুলে ধরেন তিনি। শামা ওবায়েদ বলেন, দেশের সব রাজনৈতিক দলকে একসঙ্গে আন্তর্জাতিক সম্প্রদায়ের কাছে বিষয়টি তুলে ধরতে হবে। একই সঙ্গে মিয়ানমারের সংশ্লিষ্ট সব পক্ষকে একটি সমঝোতায় আনতে আন্তর্জাতিক চাপ সৃষ্টির আহ্বান জানাতে হবে।